রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ২, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৭ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং-১০৫-আইন/২০১৯/৮২৫-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading) 55.03 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 5503.40.00 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত polypropylene staple fibres, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, এর স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত মূল কাঁচামাল polymers of propylene in primary forms (H.S. Code 3902.10.00) আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলী:**

(ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে polypropylene staple fibres উৎপাদনের লক্ষ্যে পূর্ণাঙ্গ ও আধুনিক One Step High Tenacity Polypropylene Staple Fiber Production Line ও তদ্‌সংশ্লিষ্ট মেশিনারীজ থাকিতে হইবে;


**মূল্য ঃ** টাকা ৪·০০

(গ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে বিনিয়োগের পরিমাণ অন্যূন একশত কোটি টাকা হইতে হইবে;

(ঘ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব টেস্টিং ল্যাব থাকিতে হইবে;

(ঙ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অন্যূন ত্রিশ শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;

(চ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের গুণগত মান চার হইতে ছয় ডেনিয়ার এবং টেনাসিটি আবশ্যিকভাবে প্রতি ডেনিয়ার চার গ্রাম এর অধিক হইতে হইবে;

(ছ) পরিবেশ অধিদপ্তর কর্তৃক উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত ছাড়পত্র থাকিতে হইবে;

(জ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশী জনবলের সংখ্যা অন্যূন দুইশত জন হইতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উপরিউক্ত শর্তাবলী পরিপালন করা হইবে মর্মে তিনশত টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহ্বায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| (গ) | বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য সচিব। |

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, বোর্ড উহা বিবেচনাপূর্বক, এই প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে, প্রতিবেদন প্রাপ্তির ত্রিশ কার্যদিবসের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করিবে এবং অনুমোদনের তারিখ হইতে এই প্রজ্ঞাপনের সুবিধা প্রদান করা হইবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উক্ত আইনের ধারা ৩১, ৩২ ও ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্র প্রদানের যাবতীয় আনুষ্ঠানিকতা যথাযথভাবে প্রতিপালন করিতে হইবে।

৭। উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৬ এর বিধান প্রতিপালন করিতে ব্যর্থ হইলে এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুবিধা প্রাপ্য হইবে না।

৮। উক্ত আইনের ধারা ৯ অনুযায়ী মূল্য সংযোজন কর অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত কোনো উপকরণের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত পাওয়া যাইবে না।

৯। উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা বোর্ড যাচাই করিবে।

১০। অনুচ্ছেদ ৯ এর অধীন বোর্ড কর্তৃক যাচাইকালে যদি প্রতীয়মান হয় যে, উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের কোনো শর্ত লঙ্ঘন করিতেছে তাহা হইলে উহার বিরুদ্ধে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও Customs Act, 1969 এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং এই প্রজ্ঞাপনের অধীন মূল্য সংযোজন কর অব্যাহতির সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল হইবে।

১১। এই প্রজ্ঞাপন ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া**
সিনিয়র সচিব।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd